

তথ্য এবং নির্দেশনা

যখন আপনি ফর্মটি পূরণ করবেন তখন “স্ক্রীন/প্রিন্ট ফর্ম” (“Screen/Print Form”) এ টিক দেবেন তাহলে আপনি কোন অ্যান্টিবায়োটিক নেবেন সেটি কম্পিউটার নির্ধারণ করবে। ফর্মটি সম্পূর্ণ করে একটি POD এ আপনার সঙ্গে নিয়ে আসুন। এর ফলে কর্মীগণ দ্রুত আপনাকে পরিষেবা প্রদান করতে পারবেন। এছাড়াও POD-গুলিতে খালি ফর্ম উপলব্ধ।

প্রশ্ন 1: প্রবল অ্যালার্জি সম্পর্কিত প্রতিক্রিয়া হল একটি প্রাণ সংশয়কারী প্রতিক্রিয়া যেখান থেকে শ্বাসকষ্ট হতে পারে এবং/অথবা গিলতে সমস্যা হতে পারে, মুখ, চোখ, জীভ ফুলে যাওয়া বা বৃকে যন্ত্রণা হতে পারে। অ্যান্টিবায়োটিক থেকে যেসব প্রতিক্রিয়া দেখা যায় তার মধ্যে কমন হল ডায়ারিয়া এবং পেটের সমস্যা এবং এগুলি প্রবল অ্যালার্জি সম্পর্কিত প্রতিক্রিয়া হিসাবে বিবেচনা করা হয় না।

টেট্রাসাইক্লিন হল কয়েকটি অ্যান্টিবায়োটিকের সমাহার (ডক্সিসাইক্লিন, মিনোসাইক্লিন এবং ট্রেটাসাইক্লিন) যা ব্যাকটেরিয়া থেকে হওয়া সংক্রমণ প্রতিরোধ করে বা চিকিৎসা করে। যে ব্যক্তির ডক্সিসাইক্লিন অথবা অন্যান্য ট্রেটাসাইক্লিন থেকে প্রবল অ্যালার্জি সম্পর্কিত প্রতিক্রিয়া দেখা দিয়েছে তারা ডক্সিসাইক্লিন নিতে পারবেন না; তাদের কে এই প্রশ্নের উত্তরে “হ্যাঁ” বলতে হবে।

প্রশ্ন 2: সিম্প্রোক্সাসিন সাধারণত সেইসব মহিলাদের জন্য যারা গর্ভবতী। তবে, যদি তারা অ্যানথ্রাক্সের সংস্পর্শে এসে থাকেন তাহলে তারা অ্যানথ্রাক্সের সংক্রমণ প্রতিরোধ করতে ডক্সিসাইক্লিন নিতে পারে। গর্ভবতী কোনো মহিলাকে তার অন্য পরীক্ষার উত্তরের ভিত্তিতে ডক্সিসাইক্লিন বা সিম্প্রোক্সাসিন দেওয়া যেতে পারে। তাদের কে এই প্রশ্নের উত্তরে “হ্যাঁ” বলতে হবে।

প্রশ্ন 3: প্রবল অ্যালার্জি সম্পর্কিত প্রতিক্রিয়া হল একটি প্রাণ সংশয়কারী প্রতিক্রিয়া যেখান থেকে শ্বাসকষ্ট হতে পারে এবং/অথবা গিলতে সমস্যা হতে পারে, মুখ, চোখ, জীভ ফুলে যাওয়া বা বৃকে যন্ত্রণা হতে পারে। অ্যান্টিবায়োটিক থেকে যেসব পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যায় তার মধ্যে কমন হল ডায়ারিয়া এবং পেটের সমস্যা এবং এগুলি প্রবল অ্যালার্জি সম্পর্কিত প্রতিক্রিয়া হিসাবে বিবেচনা করা হয় না।

ক্লোরোকুইনোলোন হল কয়েকটি অ্যান্টিবায়োটিকের সমাহার (সিম্প্রোক্সাসিন, লেভোফ্লক্সাসিন এবং মক্সিফ্লক্সাসিন) যা ব্যাকটেরিয়া থেকে হওয়া সংক্রমণ প্রতিরোধ করে বা চিকিৎসা করে। যে ব্যক্তির সিম্প্রোক্সাসিন অথবা অন্যান্য ক্লোরোকুইনোলোন থেকে প্রবল অ্যালার্জি সম্পর্কিত প্রতিক্রিয়া দেখা দিয়েছে তারা সিম্প্রোক্সাসিন নিতে পারবেন না; তাদের কে এই প্রশ্নের উত্তরে “হ্যাঁ” বলতে হবে।

প্রশ্ন 4: পেশী দৌর্বল্য (মায়াস্টেনিয়া গ্রেভিস) রোগ হল একটি বহু পুরনো অবস্থা যার কারণে পেশী দুর্বল হয়ে পড়ে। সিম্প্রোক্সাসিন পেশী দুর্বল হওয়ার উপসর্গগুলোকে বাড়িয়ে দিতে পারে। ডক্সিসাইক্লিনের থেকে এই প্রতিক্রিয়া দেখা দেয় না। যে ব্যক্তির পেশীর দুর্বলতা কখনো নির্ণিত হয়েছে তিনি কখনই সিম্প্রোক্সাসিন নিতে পারবেন না; তাদের কে এই প্রশ্নের উত্তরে “হ্যাঁ” বলতে হবে।

প্রশ্ন 5: টিজানিডিন (জানাফ্লেক্স) হল একটি ওষুধ যা পেশীর খিঁচুনি থেকে উপশম দেয়। সিম্প্রোক্সাসিন টিজানিডিনের (জানাফ্লেক্স) পার্শ্বপ্রতিক্রিয়া আরো প্রবল করে তুলতে পারে। ডক্সিসাইক্লিনের থেকে এই প্রতিক্রিয়া দেখা দেয় না। যে ব্যক্তি বর্তমানে টিজানিডিন (জানাফ্লেক্স) নিচ্ছেন তিনি সিম্প্রোক্সাসিন নিতে পারবেন না; তাদের কে এই প্রশ্নের উত্তরে “হ্যাঁ” বলতে হবে।

প্রশ্ন 6: থিওফাইলাইন হল একটি ওষুধ যেটি দিয়ে কিছু শ্বাসকষ্ট জনিত সমস্যার চিকিৎসা করা হয়। সিম্প্রোক্সাসিন থিওফাইলাইনের পার্শ্ব প্রতিক্রিয়া বাড়িয়ে দিতে পারে। ডক্সিসাইক্লিনের থেকে এই প্রতিক্রিয়া দেখা দেয় না। যে ব্যক্তি বর্তমানে থিওফাইলাইন নিচ্ছেন তিনি সিম্প্রোক্সাসিন নিতে পারবেন কিন্তু থিওফাইলাইনের মাত্রা অবশ্যই চেক করাতে হবে। তাদের কে এই প্রশ্নের উত্তরে “হ্যাঁ” বলতে হবে।

প্রশ্ন 7: কিডনির রোগ মানে কিডনি ক্ষতিগ্রস্ত হওয়া এবং এতে কিডনি রক্ত স্বাভাবিকভাবে ফিল্টার করতে পারে না। কিডনি ক্ষতিগ্রস্ত হলে তা শরীরের সিম্প্রোক্সাসিন প্রক্রিয়া করার ক্ষমতা কমিয়ে দেয়। কিডনি ক্ষতিগ্রস্ত দেয় তা শরীরের ডক্সিসাইক্লিন প্রক্রিয়া করার ক্ষমতা কমিয়ে দেয় না। কিডনির রোগ আছে অথবা ডায়ালাসিস করান এমন কেউ এখনও স্বল্প মাত্রায় সিম্প্রোক্সাসিন নিতে পারেন। তাদের কে এই প্রশ্নের উত্তরে “হ্যাঁ” বলতে হবে।

প্রশ্ন 8: যে ব্যক্তি পিল গিলতে পারেন না তিনি বমি করতে পারেন, গলায় আটকাতে পারে অথবা শ্বাসরোধ হতে পারে। তাদেরকে অবশ্যই তরল অ্যান্টিবায়োটিক বা গুড়ো করে খাওয়ানো যাবে এমন অ্যান্টিবায়োটিক নিতে হবে। যে ব্যক্তি বড়ি গিলতে পারেন না তাকে এই প্রশ্নের উত্তরে “হ্যাঁ” বলতে হবে।

প্রশ্ন 9: যে ব্যক্তির ওজন 76 পাউন্ড বা 35 কেজির কম তাদের কম ডোজের অ্যান্টিবায়োটিক প্রয়োজন হতে পারে। তাদের কে এই প্রশ্নের উত্তরে “হ্যাঁ” বলতে হবে এবং তাদের ওজন লিখতে হবে।